**এই গাইডে ঐচ্ছিক সাহায্যকৃত মরণ সম্পর্কিত সংবেদনশীল তথ্য থাকতে পারে**

# আলোচনা গাইড ৪: পেশাদার স্বাস্থ্যকর্মী এবং স্বাস্থ্য সেবার ভূমিকা

ভিএডি প্রক্রিয়ায় পেশাদার স্বাস্থ্যকর্মীগণের কী ভূমিকা পালন করা উচিৎ, এবং কী রক্ষা ব্যবস্থা পেশাদার স্বাস্থ্যকর্মী এবং তাদের রোগীদের রক্ষার জন্য যথাস্থানে থাকা উচিৎ?

**কোন ব্যক্তিকে ঐচ্ছিক সাহায্যকৃত মরণ প্রক্রিয়ার মধ্য দিয়ে সাহায্য করা**
অস্ট্রেলিয়ার অন্যান্য স্থানে, ঐচ্ছিক সাহায্যকৃত মরণ পাওয়ার আগে কোন ব্যক্তি কোন পেশাদার স্বাস্থ্যকর্মীর কাছে সাহায্য চান এবং কোন পেশাদার স্বাস্থ্যকর্মীর অবশ্যই কাউকে ভিএডির মাধ্যমে সাহায্য করার সঠিক প্রশিক্ষণ থাকতে হবে।

এনটিতে, আমাদেরও বিবেচনা করা প্রয়োজন কিভাবে আঞ্চলিক, দূরবর্তী ও অতি দূরবর্তী এলাকার লোকজন পেশাদার স্বাস্থ্যকর্মীদের নাগাল পাবেন যিনি কোন ব্যক্তিকে ভিএডি প্রক্রিয়ার মধ্য দিয়ে পথ দেখাতে পারেন।

অস্ট্রেলিয়ার অন্যান্য স্থানে, কোন ডাক্তার (অর্থাৎ জেনারেল প্রাকটিশনার বা চিকিৎসা বিশেষজ্ঞ) মূল্যায়ন করতে পারেন কোন ব্যক্তি ভিএডি পেতে পারেন কি না এবং তাদেরকে প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে সাহায্য করতে পারেন এবং কোন ব্যক্তিকে মূল্যায়ন করতে, ডাক্তার অবশ্যই ভিএডি প্রশিক্ষণ সম্পূর্ণ করবেন এবং তার নিম্নতম মাত্রার অভিজ্ঞতা ও দক্ষতা থাকবে। উদাহরণ স্বরূপ, কোন ডাক্তারের কোন ব্যক্তিকে মূল্যায়ন করার সামর্থ্যের জন্য অবশ্যই পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কোন কোন ষ্টেট বলে ডাক্তারের অবশ্যই দক্ষতা থাকবে অথবা ব্যক্তিটির রোগ চিকিৎসার একজন বিশেষজ্ঞ হবেন।

টেরিটোরিটির জনসংখ্যা অল্প এবং বৃহৎ এলাকা জুড়ে বিস্তৃত, সুতরাং ভিএডিতে সাহায্য করতে পারেন এরূপ অনেক ডাক্তার সেখানে নাও থাকতে পারে, বিশেষ করে আঞ্চলিক ও দূরবর্তী এলাকায়। যদি ডাক্তার পাওয়া কঠিন হয়, কোন কোন ব্যক্তি যারা যোগ্য, ঐচ্ছিক সাহায্যকৃত মরণ নাও পেতে পারেন।

আমরা জানতে চাই সঠিক দক্ষতা ও অভিজ্ঞতার অন্যান্য ধরণের পেশাদার স্বাস্থ্যকর্মী, যেমন অনুশীলনকারী নার্স, কোন ব্যক্তিকে ভিএডি প্রক্রিয়া জুড়ে সাহায্য করতে পারবেন কি না।

**ঐচ্ছিক সাহায্যকৃত মরণ সম্বন্ধে কোন ব্যক্তির সঙ্গে কথা বলা**
কোন পেশাদার স্বাস্থ্যকর্মীকে কি কোন ব্যক্তির সঙ্গে ঐচ্ছিক সাহায্যকৃত মরণ সম্বন্ধে কথোপকথন শুরু করতে দেয়া উচিৎ?

অস্ট্রেলিয়ার কোন কোন ষ্টেটে, পেশাদার স্বাস্থ্যকর্মীদেরকে তাদের রোগীর সঙ্গে ভিএডি সম্বন্ধে কথোপকথন শুরু করতে দেয়া হয় না। যে ব্যক্তি ভিএডি বিবেচনা করছেন অবশ্য তারাই কথোপকথন শুরু করবেন।

ঐচ্ছিক সাহায্যকৃত মরণ পাওয়া অবশ্যই কোন ব্যক্তির স্বাধীন ইচ্ছা হবে। যাহোক, যদি কোন পেশাদার স্বাস্থ্যকর্মী তাদের রোগীর সঙ্গে ভিএডি সম্বন্ধে কথোপকথন শুরু করতে না পারেন, এটা রোগীদেরকে তাদের জীবন শেষ করার সকল বিকল্প উপায় সম্বন্ধে তথ্য দান করাকে দুরূহ করে।

## ভিএডি দ্রব্য

ভিএডি দ্রব্য সম্বন্ধে কোন পেশাদার স্বাস্থ্যকর্মীর কী দায়িত্ব থাকা উচিৎ আমরা সে বিষয়ে আপনার মতামত জানতে চাই।

ভিএডি দ্রব্য হলো ভিএডি প্রক্রিয়ার শেষে কোন ব্যক্তির মৃত্যু ঘটানর জন্য কোন ডাক্তারের নির্ধারিত ঔষধ। পেশাদার স্বাস্থ্যকর্মীগণ নিশ্চিত করতে সাহায্য করেন যেন কোন ব্যক্তি যোগ্য বিবেচিত না হওয়া পর্যন্ত ভিএডি দ্রব্য না পান এবং প্রয়োজনীয় প্রক্রিয়া অনুসরণ করেছেন।

অস্ট্রেলিয়ার অন্যান্য ষ্টেটে, পেশাদার স্বাস্থ্যকর্মীদের বিভিন্ন ভূমিকা ও দায়িত্ব রয়েছেঃ

- ঐচ্ছিক সাহায্যকৃত মরণ দ্রব্য শুধুমাত্র কোন ডাক্তার নির্ধারিত করতে পারেন।
- কোন ব্যক্তিকে ঐচ্ছিক সাহায্যকৃত মরণ দ্রব্যের ব্যবস্থাপত্র দেয়ার সময়, ডাক্তার অবশ্যই ব্যক্তিটিকে তথ্য প্রদান করবেন এবং একটি স্বাধীন পর্যবেক্ষণ সংস্থার কাছে রিপোর্ট করবেন।
- ঐচ্ছিক সাহায্যকৃত মরণ দ্রব্য কেবলমাত্র কোন ফার্মাসিস্ট প্রদান করতে পারেন, কখনও কখনও ফার্মাসিস্টের অবশ্যই অতিরিক্ত প্রশিক্ষণ ও অনুমোদন থাকবে।
- কোন ব্যক্তিকে ঐচ্ছিক সাহায্যকৃত মরণ দ্রব্য দেয়ার সময়, ফার্মাসিস্ট অবশ্যই ব্যক্তিটিকে তথ্য এবং সাবধানবাণী দান করবেন, এবং কখনও কখনও দ্রব্য সঠিক ব্যক্তিকে দেয়া হচ্ছে তা নিশ্চিত করতে অবশ্যই ব্যক্তিটির পরিচিতি যাচাই করবেন।
- সম্ভব হলে পেশাদার স্বাস্থ্যকর্মী ব্যক্তিটিকে দ্রব্য ব্যবহারে সাহায্য করতে পারেন যখন তারা প্রস্তুত অথবা কোন ব্যক্তির নিজে নিজেই দ্রব্য ব্যবহার ঠিক না হলে।

পেশাদার স্বাস্থ্যকর্মীগণ যদি আইন অনুসরণ করেন, তারা অনিচ্ছাকৃত অপরাধ করার ভয় ছাড়াই ঐচ্ছিক সাহায্যকৃত মরণে সাহায্য করতে সক্ষম হবেন। আমরা কিভাবে ঐচ্ছিক সাহায্যকৃত মরণের সঙ্গে জড়িত পেশাদার স্বাস্থ্যকর্মীদেরকে রক্ষা করতে পারি সে বিষয়ে আপনার মতামত জানতে চাই, কিন্তু এটাও নিশ্চিত করুন যে লোকজন যারা ভুল কাজ করে তাদের জন্য কঠোর পরিণতি আছে।

## পেশাদার স্বাস্থ্যকর্মীগণ যারা ঐচ্ছিক সাহায্যকৃত মরণে সাহায্য করতে চান না

কোন কোন পেশাদার স্বাস্থ্যকর্মী ভিএডিতে সাহায্য করতে না চাইতে পারেন কারণ এটা তাদের দক্ষতার ক্ষেত্র নয়, তাদেরকে পাওয়া যাবে না বা তারা সচেতনভাবে ঐচ্ছিক সাহায্যকৃত মরণের আপত্তি করেন। সচেতন আপত্তি করা হয় যখন কোন পেশাদার স্বাস্থ্যকর্মী ভিএডির সঙ্গে জড়িত হতে চান না কারণ তাদের ব্যক্তিগত, সাংস্কৃতিক, বা ধর্মীয় বিশ্বাস ভিএডির ধারণা সমর্থন করে না। অস্ট্রেলিয়ার অন্যান্য স্থানে, পেশাদার স্বাস্থ্যকর্মীদেরকে সচেতন আপত্তি করতে দেয়া হয় এবং ঐচ্ছিক সাহায্যকৃত মরণে সাহায্য করতে দেয়া হয় না।

আমরা আপনার মতামত জানতে চাই কিভাবে পেশাদার স্বাস্থ্যকর্মীদের বিশ্বাস বজায় রাখার অধিকার রক্ষা করা যায়, যখন জনগণ যারা ঐচ্ছিক সাহায্যকৃত মরণ চান তাদেরকেও রক্ষা করা যায়।

## ঐচ্ছিক সাহায্যকৃত মরণে স্বাস্থ্য সেবার ভূমিকা

কোন ব্যক্তি কিভাবে ভিএডি পাবেন যদি তারা কোন স্বাস্থ্য সুবিধা বা নাগরিক সেবা, যেমন হাসপাতাল, উপশম যত্ন ধর্মশালা, বা বয়স্কদের যত্ন নিবাসে বাস করেন বা থাকেন?

জনগণ যারা ভিএডি পেতে চান প্রায়ই কোন স্বাস্থ্য সুবিধায় বাস করেন বা থাকেন। কোন কোন স্বাস্থ্য সুবিধা ভিএডি সমর্থন করে না এবং তাদের সুবিধায় কোন ব্যক্তিকে ভিএডি পেতে দেয় না। এটা সাধারণত ধর্ম-ভিত্তিক বিশ্বাসের জন্য।

অস্ট্রেলিয়ার কোন কোন ষ্টেট স্বাস্থ্য ও সম্প্রদায় সুবিধার ভূমিকা তাদের ভিএডি আইনে উল্লেখ করে নাই এবং পরিবর্তে এই সব সেবাকর্মের নির্দেশিকা দিয়েছে।